

পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ

মেদিনীপুর :: ৭২১১০১



Fax.-(03222) 263597 :: Phone.-(03222) 275988 :: email.- secy_pmzp@rediffmail.com :: website.- www.zpamidwest.org

স্মারক নং.-

তারিখ.-

বিজ্ঞপ্তি

নয়াগ্রাম এবং সাঁকরাইল পঞ্চায়েত সমিতির অন্তর্গত বাছুরখোয়াড়, কিয়াঝরিয়া, বড়ডাঙ্গা এবং ভালিয়াঘাট প্রভৃতি গ্রামের অধিবাসীবৃন্দের গণআবেদন অনুযায়ী পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ কর্তৃপক্ষ জনস্বার্থে সুবর্ণরেখা নদীর উপর হরেকৃষ্ণপুর হইতে বাইশবেটিয়া ফেয়ার ওয়েদার কাম ফেরীঘাট চালু করার সিদ্ধান্ত নিয়েছেন। সেই কারণে আগামী ১লা এপ্রিল, ২০১৭ থেকে ৩১শে মার্চ, ২০১৮ তাং পর্যন্ত এক বছরের জন্য “ফেয়ার ওয়েদার ব্রীজ” (কাঠের সেতু) তৈরী করা ও রক্ষনাবেক্ষন করা এবং বর্ষাকালে নৌকায় করে যাত্রী পারাপার করে জেলা পরিষদের নির্দিষ্ট হারে মাশুল আদায় করার জন্য আগামী ১৬.০৩.২০১৭ বেলা ৩টার মধ্যে মুখবন্ধ খামে দরপত্র নিম্নস্বাক্ষরকারীর কক্ষে টেন্ডার বক্সে আহ্বান করা হচ্ছে। দরপত্র ঐ দিন বেলা ৩.৩০মিঃ খোলা হবে। জেলা পরিষদের গৃহীত নিয়মাবলী কার্যকর হবে। আংশিক কিম্বা পূর্ণভাবে দরপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার জেলা পরিষদ কর্তৃপক্ষের থাকবে। এ বিষয়ে জেলা পরিষদ কর্তৃপক্ষ কোনোভাবে কাউকে কৈফিয়ত দিতে বাধ্য থাকবেন না। বিস্তারিত জানার জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যেকোন কাজের দিন নির্ধারিত দপ্তর সময়ে যোগাযোগ করতে পারেন অথবা জেলা পরিষদ- এর www.zpamidwest.org ওয়েব সাইট থেকে দেখা যেতে পারে।

স্বাক্ষর ৭/৬/১৭
সচিব

পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ

স্মারক নং.- ৫৮/কন ৩ টেমি

৭/৬/১৭

তারিখ.- ৭/৬/১৭

প্রতিলিপি জ্ঞাতার্থে এবং বহুল প্রচারের জন্য প্রেরিত হলঃ-

১. সভাপতি, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ।
২. জেলা শাসক, পশ্চিম মেদিনীপুর।
৩. কর্মাধ্যক্ষ, সকল স্থায়ী সমিতি, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ।
৪. অতিরিক্ত জেলা শাসক ও অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ।
৫. সভাপতি, নয়াগ্রাম/সাঁকরাইল পঞ্চায়েত সমিতি।
৬. নির্বাহী আধিকারিক, নয়াগ্রাম/সাঁকরাইল পঞ্চায়েত সমিতি।
৭. জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, পশ্চিম মেদিনীপুর।
৮. ডি.আই.এ., পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ। উক্ত বিজ্ঞপ্তি জেলা পরিষদের ওয়েবসাইটে upload করার জন্য অনুরোধ করা হল।
৯. অফিস নোটিশ বোর্ড।

স্বাক্ষর ৭/৬/১৭
সচিব

পশ্চিম মেদিনীপুর জেলা পরিষদ

“মাঠে ঘাটে আর নয়, শৌচাগারেই শৌচ করব সবাই” “স্বাস্থ্যবিধান মেনে চলুন, নির্মল জেলা গড়ে তুলুন”